# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 13 April, 2025

ঝিনাইদহের কোটচাঁদপুরে বাস চাপায় এক ভ্যানচালক নিহত হয়েছেন।রোববার সকালে কোটচাঁদপুর উপজেলার এলাঙ্গী নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।নিহত চৈতন্য পাল কোটচাঁদপুর উপজেলার ফাজিলপুর গ্রামের কার্তিক পালের ছেলে।

পুলিশ জানিয়েছে, সকালে উপজেলার ফাজিলপুর এলাকা থেকে নিজের ভ্যানে কলা নিয়ে কোটচাঁদপুরে যাচ্ছিলেন চৈতন্য পাল পথিমধ্যে এলাঙ্গী গ্রামের মাঠের মধ্যে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি বাস ভ্যানটিকে ধাক্কা দেয়।এসময় ভ্যান থেকে চালক চৈতন্যপাল ছিটকে পড়লে বাসটি তাকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান চৈতন্য পাল।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর সড়ক দূর্ঘটনায় ভ্যান চালক নিহতের বিষয়টি নিশ্চিত করেছেন।

ঝিনাইদহ নিহত ভ্যানচালক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 23:10

URL: https://timestodaybd.com/across-the-country/775807710